দৈনিক সংবাদ

তারিখ ..7 FEB 1988 ... ...
পৃষ্ঠা... ... ... 1 কলাম 5 ... ...

# চিঠিপত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

## মেডিক্যাল কলেজসমূহে ছাত্রীদের জন্য ৩০% আসন সংরক্ষণের দাবী

বাংলাদেশের মেডিক্যাল কলেজসমূহের ১ম বর্ষ এমবিবিএস (শিক্ষাবর্ষ ১৯৮৭-৮৮) শ্রেণীর ভর্তি পরীক্ষা গত ২২-১-৮৮ ইং তারিখে অনুষ্ঠিত হয়। গত ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে দেশের যে কোন মেডিক্যাল কলেজের মোট আসন সংখ্যার শতকরা ৩০ ভাগ ছাত্রীদের জন্য সংরক্ষিত ছিল। কিন্তু অজ্ঞাত কারণে চলতি শিক্ষা বর্ষে (১৯৮৭-৮৮) ছাত্রীদের জন্য কোন আসন সংরক্ষিত করে রাখা হয়নি। পূর্ববর্তী বছরের নিয়মটি এই বছর বাতিল করার ফলে বিপুল সংখ্যক ছাত্রী মেডিক্যাল কলেজে পড়ার সুযোগ থেকে বঞ্চিত হবে। চিকিৎসা পেশায় মেয়েদের সংখ্যা দ্রুত বৃদ্ধি এবং তাদেরকে উচ্চশিক্ষিত ও স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে গত বছর থেকে সরকার নিয়মটি কার্যকর করেছিলেন। মাত্র এক বছর পর নিয়মটি তুলে দেয়ায় মেয়েদেরকে শিক্ষিত ও স্বাবলম্বী করে তোলার ব্যাপারে সরকার গৃহীত সিদ্ধান্তই শুধু লঙ্ঘিত হয়নি, মেয়েদের প্রতি মারাত্মক অবিচার করা হয়েছে। চিকিৎসা বিজ্ঞানে মেয়েদের অধ্যয়নের সুযোগ নিশ্চিত করা হলে সমগ্র দেশ ও জাতি বিশেষভাবে উপকৃত হবে, প্রতিফলিত হবে সরকারের সদিচ্ছাও। একবার সুযোগ প্রদান করে তা প্রত্যাহার করে নেয়া কোনভাবেই যুক্তিসংগত নয়। সুতরাং বিষয়টি পুনঃবিবেচনা করতঃ গত শিক্ষা বছরের ন্যায় চলতি বছরও মেডিক্যাল কলেজগুলোতে ছাত্রীদের জন্য আসন সংরক্ষিত করে রাখার জন্য স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তরের নিকট আমরা জোর দাবী জানাচ্ছি। নিয়মটি পুনঃপ্রবর্তন করার ব্যাপারে মহিলা বিষয়ক মন্ত্রণালয়েরও দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

অভিভাবকদের পক্ষে—
মোঃ জয়নাল আবেদীন,
সহকারী রেজিষ্ট্রার (কো-অর্ডিনেশন) বাংলাদেশ প্রকৌশল,
বিশ্ববিদ্যালয়, ঢাকা।